কালের কণ্ঠ

তারিখ ... 04 JUN 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

শিক্ষামন্ত্রীর ঘোষণা

# ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা ট্যাব পাবে আগামী বছর

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষা মন্ত্রণালয় আগামী বছর থেকেই ষষ্ঠ শ্রেণির সব শিক্ষার্থীকে ট্যাব দেওয়ার লক্ষ্যে কাজ করছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গত মঙ্গলবার প্রধানমন্ত্রীর দপ্তরের করবী হলে মাল্টিমিডিয়া ক্লাসরুম প্রতিষ্ঠার তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ ঘোষণা দেন। অতিরিক্ত সচিব ও এটুআই প্রকল্পের পরিচালক কবীর বিন আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, শিক্ষাসচিব মো. নজরুল ইসলাম খান, প্রাথমিক ও গণশিক্ষা সচিব মেছবাহ উল আলম প্রমুখ বক্তব্য দেন। শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষা মন্ত্রণালয় ও এর অধিদপ্তর-দপ্তর, শিক্ষা বোর্ডসহ সব প্রতিষ্ঠানের বেশির ভাগ কাজকর্ম এখন অনলাইনে সম্পন্ন হচ্ছে। দেশের ২০,৫০০ শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম পদ্ধতি চালু করা হয়েছে। বহু শিক্ষক এখন ডিজিটাল কন্টেন্ট তৈরি করতে পারেন। কেন্দ্রীয়ভাবে খোলা হয়েছে শিক্ষক বাতায়ন ব্লগ। আমরা বছরের শুরুর দিনে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সব শিক্ষার্থীকে বিনা মূল্যে পাঠ্যবই বিতরণ করি। এখন সময় এসেছে এক শিক্ষার্থী এক ট্যাব নীতি বাস্তবায়নের।'